# বালুঘর

বন্দিশালায় ফন্দি এঁটেছে মন,
অমল গন্ধবাতাসে মুক্তি খুঁজে
লুকিয়ো আমাকে স্বপ্নের তপোবন,
প্রতীপের নীচে ছায়াঘেরা পিলসুজে।

নিয়মমাফিক তেরো পাবনেই আমি---
একা একা ফিরি মিছিলের মুখ দেখে,
বিষণ্ণ থাকা স্বাভাবিক পাগলামি,
নিটোল একলা দুঃখ স্পর্শ মেখে !

কবিতায় তুমি জীবন রাখছো বাজি,
বাস্তবে দেবি ঘোরতর বিপরীত !
তোমার সঙ্গে নরকবাসেও রাজি
এমন দাবি কি করেছিলে কদাচিৎ ?

মানুষের ঢল যখন দেখেছি পথে,
জনসমুদ্রে খুঁজেছি মায়াবী চোখ,
ঝিনুক কুড়িয়ে কাটাইনি সৈকতে,
রচে নিজেকে দিয়েছি স্তোক।

জানি না, তুমি সত্যি কি আছো ভালো
এত কালোমাথা হট্টমেলার দেশে ?
বন্দিশালায় জ্বালাই না ভয়ে আলো,
পাছে দেবি কোনো ভীষণ সত্য শেষে !

প্রদীপ চক্রবর্তী

সৃষ্টিসন্ধান

Phone: 98302 43310
email: editor@srishtisandhan.com